

তারিখ, ১২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/ ২৬ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৫৮-আইন/আয়কর/২০১৪।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা জনসেবা কাজে নিয়োজিত নিম্নবর্ণিত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের মূলধনী আয় ব্যতীত সকল আয়ের উপর উক্ত Ordinance এর অধীন প্রদেয় আয়করের হার হ্রাস করিয়া ২৫% এ নির্ধারণ করিল,যথা:-

(ক)	ঢাকা ওয়াসা;
(খ)	চট্টগ্রাম ওয়াসা;
(গ)	খুলনা ওয়াসা;
(ঘ)	রাজশাহী ওয়াসা;
(ঙ)	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
(চ)	রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ;
(ছ)	রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ;
(জ)	খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ;
(ঝ)	চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ;
(ঞ)	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ;
(ট)	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ;
(ঠ)	মংলা বন্দর কর্তৃপক্ষ;
(ড)	পায়রা বন্দর কর্তৃপক্ষ;

(ঢ)	বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ;
(ণ)	বাংলাদেশ টেলিভিশন;
(ত)	বাংলাদেশ বেতার;
(থ)	বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ;
(দ)	বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ);
(ধ)	বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি);
(ন)	বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন;
(প)	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড;
(ফ)	বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
(ব)	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
(ভ)	বাংলাদেশ এক্সপোর্ট প্রসেসিং জোনস অথরিটি;
(ম)	যমুনা বহুমুখী সেতু কর্তৃপক্ষ;
(য)	বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজশাহী);
(র)	বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ;
(ল)	বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ; এবং
(শ)	টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ।

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
 সৈয়দ মোঃ আমিনুল করিম
 অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২০ শ্রাবণ, ১৪২১ বঙ্গাব্দ/০৪ আগষ্ট, ২০১৪ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২১১-আইন/আয়কর/২০১৪।—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ২৬ জুন, ২০১৪ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৫৮-আইন/আয়কর/২০১৪ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর দফা (ম) তে উল্লিখিত “যমুনা বহুমুখী সেতু কর্তৃপক্ষ;” শব্দগুলি এবং চিহ্নটির পরিবর্তে “বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ;” শব্দগুলি এবং চিহ্নটি প্রতিস্থাপিত হইবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

সৈয়দ মোঃ আমিনুল করিম

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/৩০ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং ১৯৭-আইন/আয়কর/২০১৫।—Income-tax Ordinance, 1984 (Ordinance NO. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্বারা ১২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ২৬ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৫৮-আইন/আয়কর/২০১৪ এর দফা ১ (এক) এর উপ-দফা (দ) ও (ন) রহিত করিল।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২০৭-আইন/আয়কর/২০১৭।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ২৬ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৫৮-আইন/আয়কর/২০১৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

(ক) দফা ১ এর উপ-দফা (ল) এর প্রান্তস্থিত “এবং” শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(খ) দফা ১ এর উপ-দফা (শ) এর প্রান্তস্থিত “।” দাড়ির পরিবর্তে “; এবং”
সেমিকোলন ও শব্দ প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন উপ-দফা (ষ)
সংযোজিত হইবে, যথা:-

“(ষ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ।”।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব।